# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৬০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا انْقَطَعَ شِسْعُ أَحَدِكُمْ فَلْيَسْتَرْجِعْ فَإِنَّهُ مِنَ المصائب» . رَوَاهُ الْبَيْهَقِيّ فِي شعب الْإِيمَان

## বাংলা

১৭৬০-[৩৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কারো জুতার ফিতা ছিঁড়ে গেলেও সে যেন ইস্‌তিরজা’ (ইন্না- লিল্লা-হি ওয়া ইন্না- ইলায়হি র-জি’উন) পড়ে। কারণ এটা একটা বিপদই। (বায়হাক্বী’র শু‘আবুল ঈমান)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : শু‘আবুল ঈমান ৯২৪৪। কারণ ইয়াহ্ইয়া ইবনু ‘উবায়দুল্লাহ মাজহূল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: বিপদ যত ছোটই হোক না কেন তা বিপদ। এ হাদীস সে দিকেই ইঙ্গিত বহন করছে। এখানে شسع অর্থা হল জুতার ফিতা, যা দুই আঙ্গুলের মাঝে থাকে।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যখন তোমাদের কারো জুতার ফিতা ছিঁড়ে যায়, সে যেন নিজেকে আল্লাহর কাছে সোপর্দ করে দেয়। অর্থাৎ সে যেন পাঠ করে اِنَّا لِلّٰهِ وَاِنَّا اِلَيْهِ رَاجِعُوْنَ কেননা এটাও এক প্রকার বিপদ। মুল্লা ‘আলী ক্বারী (রহঃ) বলেন, জুতার ফিতা ছিঁড়ার দ্বারা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিপদের নিম্ন স্তর সম্পর্কে বর্ণনা করেছেন। হাদীসটি বায়হাক্বীতে বর্ণিত রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56320

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন